বাংলাদেশ

কুষ্টিয়ায় মুক্তিমিত্র স্মৃতিস্তম্ভের উদ্বোধন

কুষ্টিয়া অফিস

বাংলাদেশের যেকোনো সহযোগিতায় ভারত এক শ নয়, এক হাজার ভাগ এগিয়ে থাকবে বলে মন্তব্য করেছেন ভারতের ত্রিপুরা রাজ্যের রাজ্যপাল তথাগত রায়। কুষ্টিয়া শহরের চৌড়হাস মোড়ে মিত্রবাহিনীর সদস্যদের স্মরণে দেশে প্রথমবারের মতো নির্মিত স্মৃতিস্তম্ভ 'মুক্তিমিত্র' উদ্বোধন শেষে সাংবাদিকদের কাছে এ কথা বলেন তিনি। গতকাল বৃহস্পতিবার এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

১৯৭১ সালের ১০ ডিসেম্বর চৌড়হাসে পাকিস্তান সেনাবাহিনীর সঙ্গে যুদ্ধে মিত্রবাহিনীর অনেক সেনা নিহত হন। তবে মিত্রবাহিনীর পাল্টা হামলায় পাকিস্তানি সেনাবাহিনী পরাজিত হয়। এ স্মৃতি ধরে রাখতে ১৯৯০ সালে চৌড়হাস মোড়ে একটি স্মৃতিস্তম্ভ তৈরির উদ্যোগ নেওয়া হয়। প্রায় ২৫ বছর পর গতকাল এ স্মৃতিস্তম্ভ আলোর মুখ দেখল।

'মুক্তিমিত্রে'র উদ্বোধনী অনুষ্ঠানে তথাগত রায় আবেগ আপ্লুত হয়ে বলেন, 'বাংলাদেশ সরকারের আমন্ত্রণে আমি এই মুক্তিযোদ্ধাদের পবিত্র ভূমিতে পা রাখতে পেরেছি, স্মৃতিস্তম্ভ উদ্বোধন করতে পেরেছি। এতে আমি অভিভূত। অভিভূত বললে কিছুই বলা হয় না, একটা অসাধারণ আবেগ আমার মধ্যে উঠে আসছে।'

তিনি স্মৃতিচারণা করে বলেন, '১৯৭১ সালে আমরা রেডিওতে রোজ শুনতাম মুক্তিযুদ্ধ চলছে। মুক্তিযুদ্ধের ঘটনা শোনাতেন ভারতের দেব দুলাল বন্দ্যোপাধ্যায়, বাংলাদেশের এম আর আখতার মুকুল। তাঁদের কথা শুনে আমরা রোমাঞ্চিত হতাম। সেই অল্প বয়সে যে ভূমি আমাকে রোমাঞ্চ দিয়েছিল, আজকে এই বয়সে সেই ভূমিতে পা রাখতে পেরে আবার বলছি, অভিভূত। আপনাদের দেশকে [illegible]

অনুষ্ঠানে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী [illegible] াদক ও কুষ্টিয়া সদর আসনের

প্রশাসক জাহিদ হোসেন জাফর, জেলা প্রশাসক সৈয়দ বেলাল হোসেন, পুলিশ সুপার প্রলয় চিসিমসহ মুক্তিযোদ্ধা ও জেলা আওয়ামী লীগের শীর্ষস্থানীয় নেতারা উপস্থিত ছিলেন।

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান